



রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ শিক্ষণ এবং গবেষণা সংস্থান

বেলুড় মঠ, হাওড়া-৭১১২০২

সংস্কৃত অধ্যয়ন বিভাগ



প্রাথমিক সংস্কৃতভাষা শিক্ষা

সংস্কৃত শিখতে আগ্রহীদের জন্য একটি সুবর্ণ সুযোগ

সংস্কৃতানুরাগী এবং সংস্কৃতজিজ্ঞাসুদের সংস্কৃতভাষা শেখার জন্য অগাস্ট ২০১৮ থেকে ব্যবহারিক সংস্কৃত নামক পাঠ্যক্রমের নতুন ক্লাস চালু হচ্ছে। সংস্কৃত-জ্ঞানপিপাসা নিবারণের জন্য ও সাধারণ জনমানসে সংস্কৃত-শিক্ষাকে উন্মুক্ত করার লক্ষে, এই পাঠ্যক্রমের প্রথম ধাপে সহজ পদ্ধতির মাধ্যমে সংস্কৃতভাষার প্রাথমিক শিক্ষা দেওয়া হবে। অনেক ব্যক্তি ঐতিহ্যশালী সংস্কৃতভাষা শিক্ষার প্রবল আকাঙ্ক্ষা মনে মনে লালন করতে থাকেন কিন্তু তাঁরা জানেন না কোথায় এবং কীভাবে এই আকাঙ্ক্ষা বাস্তবায়িত করা যেতে পারে। তাদের উদ্দেশ্যেই রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ শিক্ষণ এবং গবেষণা সংস্থানের সংস্কৃত অধ্যয়ন বিভাগের এই ক্ষুদ্র প্রয়াস। এই পাঠ্যক্রমের তিনটি ধাপ - প্রাথমিক, মধ্যস্তরীয় ও উচ্চস্তরীয়। প্রতিটির সময়সীমা ৬ মাস।

প্রাথমিক পাঠ্যক্রম সংক্রান্ত তথ্য

- ক্লাসের সময় - প্রতি রবিবার সকাল ৯টা হইতে ১২.৩০
- মাধ্যম - সংস্কৃত ও বাংলা মাধ্যমে পড়ানো হবে
- ক্লাস শুরু - ১৯শে অগাস্ট, ২০১৮ রবিবার
- ৮৫ শতাংশ উপস্থিতি কাম্য
- পাঠস্থান - মেধাভবন, রামকৃষ্ণমিশন বিবেকানন্দ শিক্ষণ এবং গবেষণা সংস্থান, বেলুড় মঠ, হাওড়া
- সফল শিক্ষার্থীদের প্রমাণপত্র দেওয়া হবে

পাঠ্যক্রমের উপযোগিতা

- 1 সংস্কৃতে লেখা এবং শুদ্ধ উচ্চারণ
- 2 সংস্কৃতে সহজে কথোপকথন।
- 3 সংস্কৃতে রচিত সহজ গ্রন্থ পড়া ও বোঝা।
- 4 সংস্কৃত বাক্যরচনা ও সংস্কৃতে অনুবাদ করা।
- 5 সংস্কৃত মন্ত্র, স্তোত্র পাঠ ইত্যাদি।
- 6 কৃতিদের মাধ্যমিক শিক্ষার সুযোগ।

ভর্তি সংক্রান্ত তথ্য

- যোগ্যতা - মাধ্যমিক উত্তীর্ণ সকলের জন্য
- বয়সসীমা - বয়সের কোনো উর্ধ্বসীমা নেই
- প্রবেশমূল্য - ১০০০ টাকা মাত্র (এককালীন)
- আবেদনের শেষ তারিখ - ১৬ই অগাস্ট, ২০১৮ বৃহস্পতিবার
- আবেদনপ্রক্রিয়া - সংস্থার অনুসন্ধান কেন্দ্র থেকে আবেদনপত্র নিয়ে ১৬ই অগাস্ট বা তার পূর্বে পূরণ করে উক্ত মূল্য জমা দিতে হবে
- অথবা - sanskrit.rkmvu.ac.in এই ওয়েবসাইটে আবেদনপত্র পাওয়া যাচ্ছে। সেটি পূরণ করে ব্যক্তিগত ভাবে অথবা পোস্ট দ্বারা উক্ত মূল্যের সাথে জমা দিতে হবে। সেক্ষেত্রে খামের উপর অবশ্যই কোর্স-এর নাম লিখতে হবে। সংস্থানের ঠিকানায় আবেদনপত্রটি ১৬.০৮.২০১৮ তারিখ বা তার আগে এসে পৌঁছাতে হবে

যোগাযোগ

Website: <http://sanskrit.rkmvu.ac.in/>
Email-ID: sanskrit.rkmvu@gmail.com
OR sanskrit@rkmvu.ac.in
Phone: (033)2654-9999
Mobile: 7980921793, 8230864238

আসনসংখ্যা সীমিত। আগে আসার ভিত্তিতে ভর্তি নেওয়া হবে।